# দায়ূদ -৩



Published by the Comic Bible Society, LLC
Copyright © 2021

Kingstone Comics maintains copyright to this comic book as provided by United States copyright law.

Print and digital copies of this version may be freely distributed without penalty under a Creative Commons license.


এই সময় শমূয়েল ভাববাদী মারা গেলেন। এবং সমস্ত ইস্রায়েলীয়রা তাঁর জন্য শোক প্রকাশ করল।
শমূয়েল এখন সদাপ্রভুর সাথে আছেন। তিনিই সেই একজন যিনি আমাকে ইস্রায়েলীয়দের রাজা হবার জন্য অভিষিক্ত করেছিলেন। এখন আমি তাঁর ভবিষ্যৎ বাণী সফল হবার জন্য অপেক্ষা করছি।
দায়ূদ প্রতিনিয়ত এক জায়গা থেকে অন্য জায়গায় সরে যেতেন শৌল পৌছানোর আগে, তিনি নাবল নামে একজন খুব ধনী লোকের কাছাকাছি থাকতেন যার তিন হাজার ভেড়া ও এক হাজার ছাগল ছিল।
কর্মিলে নাবলের কাছে গিয়ে তাঁকে এই শুভেচ্ছা জানাবে।
আপনার মঙ্গল হোক! আমরা শুনতে পেলাম এখন লোম ছাঁটাইয়ের কাজ চলছে। যেহেতু আমার লোকেরা আপনার পশুপাল এবং ভেড়াদের দেখাশোনা করেছিল তাই আপনিও কি তাদের সুনজরে দেখে আপনার পছন্দমত কিছু আমাদেরকে দান করতে চান?
কে এই দায়ূদ? আজকাল অনেক দাস তাদের মনিবকে ছেড়ে চলে যাচ্ছে। যারা আমার ভেড়ার লোম ছাঁটাই করছে তাদের জন্য আমি যে খাবার রেখেছি এবং তা নিয়ে কি আমি এমন লোকদের দেব যাদের সম্বন্ধে আমার কিছুই জানা নেই!
কর্মিলীয়রা আমাদেরকে এই কথা বলেছেন।
আমি তাঁর লোকদের এবং পশুপালের দেখাশোনার জন্য যে দয়া দেখিয়েছি তার পরিবর্তে এই উত্তরের জন্য তাকে অবশ্যই মূল্য দিতে হবে।
তোমরা কোমরে তলোয়ার বেঁধে নাও!

১শমূয়েল ২৫:১-১২




১শমূয়েল ২৫:১৪-৩১




১শমূয়েল ২৫:৩২-৪৪


সীফের একদল লোক শৌলের কাছে আসলেন...
আমাদের কাছে একটি ভাল খবর আছে যে দায়ূদ হখীলা পাহাড়ে লুকিয়ে আছে।
আমাদের এখনি যেতে হবে-- সে ফাঁদে পড়েছে।
আমার সেরা ৩,০০০ লোক প্রভু। এই সময় সে পিছলে তাঁর ঘাড়ের পাশে পড়ে গেল।
ছাউনিটি ভেঙে গেছে এবং লোকেরা সরে যাবার জন্য প্রস্তুত হল।
মরুভূমিতে আমাদেরকে খুঁজে বের করা শৌল ও তাঁর লোকদের জন্য কঠিন হবে।
সেখানে লোক পাঠাও এবং আমিও তাদের সাথে যাব।
আমাদের কথা আছে। শৌল এবং তাঁর সবথেকে ভাল ৩,০০০ সৈন্য রাস্তার পাশে হখীলা পাহাড়ের উপরে ছাউনি ফেলেছেন।
হিত্তীয় অহীমেলক এবং যোয়াবের ভাই অবীশয়কে আমার কাছে পাঠাও।
আমার সাথে কে যাবে?
আমরা কোনভাবেই আক্রমণ করতে পারি না।
আমি যাব।
চল যাই।

১শমূয়েল ২৬:১-৬


ঈশ্বর আপনার শত্রুক অবশ্যই আপনার হাতে তুলে দিয়েছেন।
আমি আমার বর্শার এক ঘায়ে ওঁকে মাটিতে গেঁথে ফেলতে পারব।
না! সদাপ্রভুর অভিষেক করা লোকের উপর হাত তুলে কে নির্দোষ থাকতে পারে?
আমাকে অনুসরণ কর।
কেউ জানল না কখন তারা ভিতরে এসেছিল বা কখন তারা চলে গিয়েছে কারণ সদাপ্রভু তাদের সবাইকে, এমনকি পাহারাদারদেও কেও একটা গভীর ঘুমের মধ্যে ফেলে রেখেছিলেন।
অব্নের-- আপনি কি আমাকে কিছু বলবেন না?
উনি কে?
আমি জানি এটা কে।

১শমূয়েল ২৬:৭-১৪




১শমূয়েল ২৬:১৪-২৫



কিন্তু দায়ূদ ভয় পেতে শুরু করলেন, এই চিন্তা করে যে শৌল তাঁর মন ... আবারো পরির্বতন করতে পারেন ।
তাই, তিনি পলেষ্টীয়দের দেশে পালিয়ে যাওয়াই সবচেয়ে ভাল মনে করলেন--ইস্রায়েলীয়দের এবং শৌলের শত্রুদের দেশে।
তাঁর দুই স্ত্রী অহীনোয়ম এবং অবীগল তাঁর সাথে ছিলেন, যদিও তাঁর প্রথম স্ত্রী, মীখল, তাকে তাঁর বাবা মহারাজ শৌল অন্য একজন লোকের হাতে তুলে দিয়েছিলেন।
অন্য সৈন্যদের প্রত্যেকের সংগেও তাদের পরিবার ছিল।
আমার প্রভু, এটি ইস্রায়েলীয়দের শত্রুদের দেশ।
শৌল আমাকে গাত শহরের এই রাজধানীতে খুঁজতে আসবেন না। আখীশ, গাত শহরের রাজার পুত্র আমাকে থাকার জায়গা দেবেন।
আর সেই গলিয়াৎ কে মারা মহান বীর পলেষ্টীয়দের মধ্যে থাকতে চায়?
হ্যাঁ, কিন্তু এখানে আপনার সংগে রাজধানীতে নয় রাজা।
এটা আপনার সেবকের জন্য অনেক সম্মানের হবে যদি এই দেশের কোন একটা গ্রামে আমাকে কিছু জায়গা দিন যাতে আমি সেখানে গিয়ে বাস করতে পারি।
খুব ভাল, তুমি এবং তোমার পরিবারের সবাই সিক্লগ শহরে যতদিন খুশি ততদিন থাকতে পার।



কিন্তু দায়ূদ এই শহর থেকে যিহূদী লোকদের বিরোধী প্রতিবেশীদের উপর হামলা করতে শুরু করলেন।
গশূরীয়, গির্ষীয় ও অমালেকীয়দের সবকিছু দায়ূদ এবং তাঁর লোকদের হয়েছিল।
সবাইকে কি মারা হয়েছে?
সব। পুরুষ এবং স্ত্রীলোক সকলকে। আমরা কোন সাক্ষীকে রেখে আসিনি।
ভাল। তারা সবার আগে পলেষ্টীয়দের কাছে আমাদের সব কথা জানিয়ে দেবে এবং তাদেরকে আমাদের বিপক্ষে দাঁড় করিয়ে দেবে।
তুমি এবং তোমার লোকেরা কোথায় গিয়েছিলে?
যিহূদীদের ভিন্ন ভিন্ন নগরের বিপক্ষে।
আমি এই মানুষটিকে ভয় পাই। তিনি আমাদের সবচেয়ে বড় যোদ্ধাকে মেরেছিলেন এবং এখন তিনি আমাদের সাথে বাস করেন আর তিনি কোথায় যান সে সম্পর্কে আমরা জানি না।
ভয় নেই। সে তাঁর নিজের জাতির কাছে নিজেকে খুব ঘৃণার পাত্র করে তুলেছে আর তাতে সে চিরকাল আমার দাস হয়ে থাকবে।
কিন্তু আসলে, সত্য বিষয়টি ছিল একেবারে ভিন্ন।
সদাপ্রভু দায়ূদকে পাঠিয়েছেন আমাদের বিরোধী শত্রুদের পরাজিত করতে এবং আমাদের থেকে তাদের পিছু ছাড়াতে।
তিনি ছিলেন একজন ভাল নেতা-- এবং একজন সাহসী যোদ্ধা।


১শমূয়েল ২৭:৮-১২


আমরা এখন শৌল এবং তাঁর লোকদের বিপক্ষে যুদ্ধ করতে যাচ্ছি-- আমি আশা করি তুমিও আমার সাথে যাবে।
আপনি নিজেই দেখতে পাবেন আপনার দাস কি করতে পারে, রাজা আখীশ।
আমার একজন ভাল রক্ষাকারী প্রয়োজন এবং তুমি একজন মহান যোদ্ধা-- তুমি সারা জীবনের জন্য আমার দেহরক্ষীর পদে নিযুক্ত হবে।
মহারাজ শৌল, কিছু দেখার জন্য আপনার আসা প্রয়োজন---
পলেস্টীয়রা উপত্যকা পূর্ণ করেছিল...
আমাকে অবশ্যই সদাপ্রভুর কাছ থেকে জানতে হবে।

১শমূয়েল ২৮:১-৭


ঈশ্বর সদাপ্রভু আমাকে নবীদের দিয়ে অথবা উরীম এবং তুম্মীম দিয়েও কোনভাবেই উত্তর দিলেন না।
আমার আরো সাহায্যের প্রয়োজন... তোমরা এমন একজন স্ত্রীলোকের খোঁজ কর যে মৃত লোকের আত্মার সংগে কথাবার্তা বলতে পারে যেন তার কাছে গিয়ে আমি জিজ্ঞাসা করতে পারি আমি কি করব।
কিন্তু আমার প্রভু, শমূয়েল মারা যাবার আগে যারা মৃত লোকের আত্মার সংগে কথাবার্তা বলে এবং যারা মন্দ আত্মার সংগে সম্বন্ধ রাখে এমন সব লোকদের দেশ থেকে বের করে দিয়েছিলেন।
কিন্তু আমি এরকম একজনের কথা জানি... ঐন্‌দোরে ঐরকম একজন স্ত্রীলোক আছে।
তুমি মন্ত্র পড়ে মৃত লোকের আত্মার সংগে যোগাযোগ কর-- আমি যাঁর নাম কর তাঁকে এখানে তুলে আন।
শৌল এই সব ব্যাপারে যা করেছেন তা আপনার নিশ্চয়ই অজানা নেই যারা মৃত লোকের আত্মার সংগে কথা বলে বা মন্দআত্মার সংগে সম্বন্ধ রাখে এমন সব লোকদের তিনি দেশ থেকে দূর করে দিয়েছেন-- তাহলে কি আপনি আমার জন্য এমন একটা ফাঁদ পাতছেন যা আমার মৃত্যু ঘটাবে?
জীবন্ত সদাপ্রভুর দিব্য যে, এর জন্য তোমার উপর কোন শাস্তি আসবে না।
আপনি কাকে নিয়ে আসতে চান?
শমূয়েলকে আন।
ইয়াহহ!!
আপনি আমাকে কেন ঠকালেন? আপনিই তো শৌল!
তোমার কোন ভয় নেই-- তুমি কি দেখতে পাচ্ছ?
একজন দেবতা মাটির তলা থেকে উঠে আসছেন।
এবং তিনি দেখতে কেমন?
একজন বুড়ো লোক উঠে আসছেন-- তাঁর গায়ে রয়েছে লম্বা পোশাক।

১শমূয়েল ২৮:৮-১৪




১শমূয়েল ২৮:১৪-১৯


দেখুন আপনার দাসী আপনার আদেশ পালন করেছেন আপনি আমাকে যা করতে বলেছিলেন প্রাণ হাতে করে আমি তা করেছি।
এখন আপনিও দয়া করে আমার কথা শুনুন-- আমি আপনার সামনে কিছু খাবার রাখব আপনি তা খেলে পর পথ চলবার শক্তি পাবেন।
না আমি খাব না।
আপনাকে অবশ্যই খেতে হবে! আপনি এমন কিছু অভিজ্ঞতার মধ্য দিয়ে গিয়েছেন যা অনেকের কখনই হবে না।
কিন্তু সদাপ্রভু আমাদের স্পষ্টভাবে বলেছিলেন মৃতদের সাথে আমাদের কথা না বলতে...
শৌল বাড়ী ফিরে আসলেন-- কিন্তু সদাপ্রভুর কথা না শোনার জন্য এবার তাঁকে মূল্য দিতে হবে।

১শমূয়েল ২৮:২৫



এই সব ইব্রীয়েরা এখানে কেন?
এই হল দায়ূদ এবং তার লোকেরা। সে দু'এক বছর ধরে আমার কাছে আছে এবং আসবার দিন থেকে আজ পর্যন্ত আমি তার মধ্যে কোন দোষ পাই নি।
লোকটাকে আপনি ফেরৎ পাঠিয়ে দিন তাকে যে জায়গাটা দিয়েছেন সে সেখানেই ফিরে যাক!
তাহলে যুদ্ধে গিয়ে সে আমাদের বিপক্ষে দাঁড়াবে - তার মনিবকে খুশী করতে হলে তাকে তো আমাদের লোকদের মুন্ডু দিয়েই তা করতে হবে।
এ কি সেই দায়ূদ নয় যার বিষয়ে তারা নেচে নেচে গেয়েছিল?
"শৌল মারলেন হাজার হাজার, আর দায়ূদ মারলেন অযুত অযুত"?
জীবন্ত সদাপ্রভুর দিব্য এই সৈন্যদলের মধ্যে তুমি যা কিছু করেছ তা আমাকে খুশী করেছে, কিন্তু অন্যান্য শাসনকর্তারা তোমার উপর সন্তুষ্ট নন এবং তারা চান না তুমি এই যুদ্ধে আমাদের সাথে থাক। তারা ভয় পাচ্ছে যুদ্ধের সময় যদি তুমি আমাদের বিপক্ষে শৌলের পক্ষ নাও।
এখানে আমি কিছুই করতে পারব না-- শান্তিতে যাও।
আমি কি করেছি-- কেন আমি যেতে পারব না এবং আপনার শত্রুদের সাথে যুদ্ধ করতে পারব না?
সেনাপতিরা তাদের চিন্তা পরির্বতন করবেন না-- তোমাকে সকালে অবশ্যই এখান থেকে চলে যেতে হবে।
আমরা সিক্লগে আমাদের পরিবারের কাছে ফিরে যাব-- আজ আমরা যুদ্ধ করব না। তারা যুদ্ধক্ষেত্রে আমাদের উপর বিশ্বাস করতে পারবে না।
সিক্লগে-- এবং আমাদের পরিবারের কাছে। লোকেরাও এটির অপেক্ষায় ছিল।


১শমূয়েল ২৯:১-১০


সিক্লগ-- এটিকে আক্রমণ করা হয়েছিল!
আমার পরিবার!
আমাদের স্ত্রী লোকেরা এবং মেয়েরা!
অমালেকীয়েরা-- তারা সবকিছু নিয়ে গেছে-- এমনকি আমাদের প্রিয়জনদেরও।
তারা আমার দুইজন মেয়েকে নিয়েছে! এবং প্রভু দায়ূদ, আপনার দুইজন স্ত্রীকেও!
দায়ূদকে অবশ্যই মরতে হবে আমাদের পরিবারকে অসুরক্ষিভাবে রেখে যাবার জন্য।
চল তাঁকে পাথর মারি-- তাদের জীবনের জন্য তাঁর জীবন!
যদিও লোকেরা তাঁকে মেরে ফেলবার কথা বলাবলি করছিল, কিন্তু দায়ূদ তাঁর ঈশ্বর সদাপ্রভুর উপর নির্ভর করে অন্তরে শক্তি পেলেন।
এফোদটা আমার কাছে নিয়ে আসুন।
আমি ঐ আক্রমণকারী দলের পিছনে তাড়া করব? করলে কি তাদের ধরতে পারব?
হ্যাঁ। তাড়া কর তুমি নিশ্চয়ই তাদের ধরতে পারবে এবং সবাইকে উদ্ধার করতে পারবে।

১শমূয়েল ৩০:১-৮


আমরা এই একজন মিসরীয় দাসকে পেয়েছি যে লুটপাট করতে আসা দলে ছিল আর তাকে ফেলে অন্যরা চলে গেছে। আমরা তাকে খাবার ও জল খেতে দিয়েছি - সে এখন কথা বলার জন্য প্রস্তুত।
তুমি কার লোক এবং কোথা থেকে এসেছ?
আমি একজন মিসরীয় যুবক এবং একজন অমালেকীয়ের দাস। যখন আমার অসুখ হয়েছিল আমার মনিব আমাকে ফেলে চলে গেছেন।
আমরা নেগেভ এলাকা এবং যিহূদা এলাকায় লুটপাট করতে গিয়েছিলাম। আর সিক্লগ আগুন দিয়ে পুড়িয়ে দিয়েছি।
ঐ লুটেরাদের কাছে কি তুমি আমাকে নিয়ে যেতে পারবে?
আপনি ঈশ্বরের নামে শপথ করে বলুন যে আপনি আমাকে মেরেও ফেলবেন না কিম্বা আমার মনিবের হাতে তুলেও দেবেন না তাহলে আমি আপনাকে তাদের কাছে নিয়ে যাব।
তোমাকে আমি কথা দিলাম।
দু'শো লোক এত ক্লান্ত হয়ে পড়েছিল যে তারা যেতে পারেনি।
তারা এখানে থেকে জিনিসপত্রের পাহারা দেবে-- বাকি চারশত জন অবশ্যই এখন আমাদের সাথে যাবে।

১শমূয়েল ৩০:৯-১৫




১শমূয়েল ৩০:১৬-২৯


পরেরদিন...
সব শেষ হয়ে গেছে। পলেষ্টীয়রা আমাদের সবকিছু ধ্বংস করে দিয়েছে এবং আমার ছেলেরাও এখন মারা গিয়েছে।
আমার কষ্ট শেষ কর। তোমার তলোয়ার বের করে আমার দেহটা এফোঁড়-ওফোঁড় করে দাও তা না হলে ঐ সুন্নত-না-করানো লোকেরা আসবে এবং আমাকে অপমান করবে।
আমি পার-ব-ন-ন-না, মহারাজ শৌল...আপনি ঈশ্বরের মনোনীত।
যদি তুমি এটা করতে না পার... তবে আমি নিজেই তা করব।
সদাপ্রভু আমার উপর থেকে তাঁর হাত সরিয়ে নিয়েছেন। আমি সান্ত্বনা পাব যখন মৃত্যুর মধ্য দিয়ে আমার ছেলেদের সাথে মিলিত হতে পারব।
আহহগগ...
তারা শৌলের মাথা কেটে ফেলল এবং তাঁর সাজ-পোশাক ও অস্ত্রশস্ত্র খুলে নিল।
তাঁর অস্ত্রশস্ত্র নিয়ে অষ্টারোৎ দেবীর মন্দিরে রাখ দান হিসেবে আর তাঁর দেহটা বৈৎ-শান শহরের দেয়ালে টাংগিয়ে দাও প্রত্যেকের জন্য চিহ্নস্বরূপ।
যদিও অবশিষ্ট কিছু ইস্রায়েলীয় সৈন্য হেরে যাবার পর পালিয়ে যেতে পেরেছিল, কিন্তু যাবেশ-গিলিয়দের কিছু বীর সৈন্যেরা সারারাত হেঁটে সেখানে গিয়েছিল।
তারা শৌল ও তাঁর ছেলেদের মৃতদেহগুলো দেয়াল থেকে নামিয়ে নিল।
তারা মৃতদেহ গুলো পুড়িয়ে দেবার পর, তারা হাড়গুলো নিয়ে যাবেশে কবর দিল এবং সাত দিন উপবাস করে কাটাল।
তিনি আমাদের রাজা ছিলেন--আমাদের তাঁকে এবং তাঁর পুত্রদের সম্মান জানাতে হবে শোক করে।

১শমূয়েল ৩১


তুমি কোথা থেকে এসেছ?
আমি একজন অমালেকীয় এবং ইস্রায়েলীয়দের ছাউনি থেকে পালিয়ে এসেছি। পলেষ্টীয়দের কাছে ইস্রায়েলীয়রা পরাজিত হয়েছে-- শৌল এবং তাঁর পুত্র যোনাথন দুজনেই মারা গিয়েছে।
তুমি কি করে জানলে?!
আমি সেই সময় গিল্‌বোয় পাহাড়ে ছিলাম এবং রাজাকে মারাত্মক আঘাতপ্রাপ্ত দেখেছিলাম।
শৌল তখন তাঁর বর্শার উপর ভর দিয়ে দাঁড়িয়ে ছিলেন এবং আমাকে অনুরোধ করলেন তাঁকে মেরে ফেলার জন্য - তাই আমি করলাম।
আরহহ্হহ্
হে ইস্রায়েল, যাঁরা তোমার গৌরব, তাঁরা তোমার ঐ উঁচু জায়গায় মৃত অবস্থায় পড়ে রয়েছেন।
হে ইস্রায়েলের মেয়েরা, শৌলের জন্য কাঁদ।
কিভাবে যুদ্ধে বীরেরা ধ্বংস হয়ে গেলেন!
তাকে মেরে ফেলো।
কি...?
তোমার মুখের কথাই তোমার বিরুদ্ধে সাক্ষ্য দিয়েছে যে, সদাপ্রভুর অভিষেক করা লোককে তুমি মেরে ফেলেছ।


সদাপ্রভু, তুমি আমার যাত্রাপথে আমার সাথে ছিলে। অনুগ্রহ করে, তোমার এই দাসকে বল। আমি কি যিহূদা এলাকার কোন একটা শহরে চলে যাব?
হ্যাঁ, যাও।
কোথায়?
হিব্রোণ।
নবী শমূয়েল তোমাকে আগেই ইস্রায়েলীয়দের রাজা হিসাবে অভিষেক করেছিলেন।
আমরাও, যিহূদার লোকেরা, সদাপ্রভুর সামনে আপনাকে আমাদের রাজা হিসাবে অভিষেক করলাম।
যাবেশ-গিলিয়দের লোকদের কাছে এই কথা বলার জন্য লোক পাঠাও...
আপনারা যে আপনাদের মনিব শৌলকে কবর দিয়ে তাঁর প্রতি বিশ্বস্ততা দেখিয়েছেন সেইজন্য সদাপ্রভু যেন আপনাদের আশীর্বাদ করেন। এখন আপনাদের মনিব শৌল মারা গেছেন এবং আমাকে হিব্রোণের রাজা হিসাবে অভিষেক করেছে।
রাজা শৌলের মৃত্যুর পর, সেনাপতি অব্নের ইস্রায়েলীয় সৈন্যদের নিজের বর্শবর্তী করে নিয়েছিলেন এবং শৌলের ছেলে ঈশ্‌বোশত্‌কে রাজা করেছিলেন।
শীঘ্রই, তিনি এবং দায়ূদের লোকেরা, যোয়াব গিবিয়োনের পুকুরের কাছে সামনাসামনি হলেন।

২শমূয়েল ২:১-১৩


আমি বলি দু'দলের কয়েকজন যুবক উঠে-- আমাদের সামনে যুদ্ধ করুক।
বেশ-- তাই হোক।
সুতরাং, বারোজন শৌলের পক্ষ থেকে এবং বারোজন দায়ূদের পক্ষ থেকে একে অন্যের সাথে যুদ্ধ করল।
... এবং প্রত্যেকেই মারা গেল।
এই সংঘর্ষ শৌলের পক্ষ - যা সেনাপ্রধান অবনের নেতৃত্ব দিচ্ছিলেন- এর সাথে দায়ূদের পক্ষ যার নেতৃত্ব দিচ্ছিলেন যোয়াব- তাদের মধ্যে গৃহযুদ্ধের মত ছড়িয়ে গিয়েছিল।

২শমূয়েল ২:১৪-১৭



যোয়াবের দুইজন ভাই যারা তাঁর পক্ষে লড়াই করছিলেন-- অসাহেল এবং অবীশয়।
দেখ! অব্নের যুদ্ধ ছেড়ে চলে যাচ্ছেন।
তোমার থেকে আর কেউ দ্রুত নয় - তাকে অনুসরণ কর! যদি সৈন্যরা অব্নেরকে হারায়, তাহলে তারা খুব সহজেই আমাদের হাতে ধরা পরবে।
অসাহেল -- চলে যাও। অন্য কোন যুবককে হারিয়ে দাও - - কেন আমি তোমাকে মেরে ফেলব?
আমি তোমাকে বলছি-- থাম! আমি তোমার ভাই যোয়াবকে কখনও মুখ দেখাতে পারব না।
শিলক


২শমূয়েল ২:১৮-২৩


তলোয়ার কি অবশ্যই আমাদের চিরকাল গিলতেই থাকবে? শেষে যে সব কিছু তেতো হয়ে উঠবে।
কখন তুমি তোমার লোকদের তাদের ভাইদের পিছনে তাড়া করা বন্ধ করতে হুকুম দেবে?
জীবন্ত ঈশ্বরের দিব্য, তুমি কথা না বললেও সকালে আমার লোকেরা তাদের ভাইদের তাড়া করা বন্ধ করত।
তূরী বাজাও।
অব্নের এবং তাঁর লোকেরা সারারাত হেঁটে বাড়ী ফিরলেন... তাঁরা তিনশো ষাটজন লোককে যুদ্ধে হারিয়েছেন।
যোয়াব এবং দায়ুদের লোকেরা সারারাত হেঁটে হিব্রোণে গেলেন... তাদের মাত্র ঊনিশজন লোক মারা গিয়েছিল।

২শমূয়েল ২:২৪-৩২


ইস্রায়েলীয়দের মধ্যে শৌলের লোকদের সাথে এবং দায়ূদের লোকদের সাথে এই গৃহযুদ্ধ দুই বছর ধরে চলেছে। এই সময়ের মধ্যে দায়ূদ আরো শক্তিশালী হয়ে উঠেছেন এবং তাঁর পরিবারও বৃদ্ধি পেয়েছে তাঁর স্ত্রীরা তাঁকে অনেক সন্তান দিয়েছেন।
আপনার আরো একজন ছেলে আছে, মহারাজ।
তাঁর নাম হবে আদোনিয় -- সদাপ্রভু আমার ঈশ্বর।
কিন্তু শৌলের সৈন্যদল আরো দুর্বল হয়ে পড়তে লাগল... বিশেষ করে যখন ইস্রায়েলের রাজা এবং তাঁর সেনাদের মধ্যে সমস্যা সৃষ্টি হয়েছিল তারপর।
অব্নের -- আপনি আমার বাবার একজন উপস্ত্রীর সংগে শুয়েছিলেন!
আজ পর্যন্ত আমি তোমার প্রতি বিশ্বস্ত রয়েছি -- এখন আপনি আমাকে দোষী করছেন!
আজ আমি দায়ূদের কাছে যাব সেনাদের এবং ইস্রায়েলীয়দের তাঁর পক্ষে নিয়ে আসার জন্য।
হিব্রোণে দায়ূদের কাছে লোক পাঠাও। তাঁকে বল আমার সংগে একটি চুক্তি করতে এবং আমি সমস্ত ইস্রায়েলীয়দের তাঁর পক্ষে নিয়ে আসতে সাহায্য করব।
এখন - তাড়াতাড়ি যাও!

২শমূয়েল ৩:১-১২


দায়ূদ তার স্ত্রী, শৌলের কন্যা মীখলকে তসাপেক্ষে ফেরত পেতে চেয়েছিলেন।
তিনি দুইশত পলেষ্টীয়দের পুরুষাংগের সামনের চামড়া পণ দিয়ে তাকে বিয়ে করেছিলেন এবং তিনি তাকে ফেরত চান।
খুব ভাল। তাঁকে তাঁর স্বামীর কাছ থেকে নিয়ে আস এবং দায়ূদের কাছে তাঁকে দাও-- এমন নয় যে এর মধ্যে তাঁর অনেক স্ত্রী নেই।
আগে আপনারা, দায়ূদকে সমস্ত ইস্রায়েলের উপর রাজা করতে চেয়েছিলেন।
সদাপ্রভু দায়ূদের বিষয়ে প্রতিজ্ঞা করেছেন যে তিনি তাঁর দাসকে দিয়ে পলেষ্টীয়দের হাত থেকে এবং তাদের অন্য সব শত্রুর হাত থেকে তাঁর লোকদের উদ্ধার করবেন।
দায়ূদ আমাদের রাজা হবেন - আমাদের দেশকে একত্রিত করতে এবং এই যুদ্ধ শেষ করতে আমরা প্রস্তুত ।
তাঁর কাছে হিব্রোণে যাও।
আমার দাসেরা তোমার জন্য এই ভোজের আয়োজন করেছে, অব্নের। তুমি একজন শান্তির মানুষ এবং শেষ পর্যন্ত আমাদের দেশ একত্রিত হতে যাচ্ছে -- এবং তা শান্তিতে।
আমি আজ চলে যেতে চাই আমার প্রভু মহারাজ যেন ইস্রায়েলীয়দের সকলকে জড়ো করতে পারি।
সেনাপতি যোয়াব, ইস্রায়েলীয় সৈন্যদের সেনাপতি, অব্নের, এইমাত্র রাজবাড়ী থেকে, ইস্রায়েলে চলে গেলেন।
কি?! আমি এবং আমার লোকেরা কেবলমাত্র অমালেকীয়দের আবারো হারিয়েছি আর তাদেরকে লুট করে ফিরে এসেছি। অব্নের ভাল কিছু করতে পারেনা!
আমার ঘোড়ার লাগাম নিন!

২শমূয়েল ৩:১৩-২১


এ আপনি কি করলেন? অব্‌নের তো এখানে এসেছিল আমাদের সেনাদের খোঁজ খবর নিতে এবং শক্তি সম্পর্কে জানতে। আপনার সংগে ছলনা করা হয়েছে!
সে আমার সাথে ছলনা করেনি। ইস্রায়েলের বৃদ্ধ নেতারা একসাথে মিলেমিশে থাকতে রাজী হয়েছেন। তাঁরা আমাকে ইস্রায়েলের উপর রাজা বানাতে প্রস্তুত হয়েছেন।
অব্‌নের এখনও বেশী দূর যায়নি। তোমার সাথে লোক নিয়ে যাও এবং তাঁকে বল যেন এখানে ফিরে আসে, তাঁর সাথে রাজার আরো কিছু কথা ছিল।
এখনি।
খড়্‌ৎবস রঢ়্‌ংস
অব্‌নের।
আমার সাথে এখানে আস, রাজা আমাদের দেশকে একত্রিত করার আগে শেষবারের মত একটি নির্দেশ দিতে চান।
এখানে -- আমার ভাই অসাহেলের মৃত্যুর জন্য। আমি তাঁকে ভুলে যাই নি -- এবং তোমাকেও না।
দায়ূদ -- যোয়াব এবং তাঁর ভাই অব্‌নেরকে মেরে ফেলেছেন!!
কিন্তু অব্‌নের তো ইস্রায়েলের বৃদ্ধ নেতাদের সাথে শান্তি স্থাপনের জন্য চলে গিয়েছিলেন।
যোয়াব তাঁকে একটি মিথ্যা বলে ফিরিয়ে এনেছিলেন। অব্‌নেরের নিজ রক্তই ফটকের মধ্যে এখন মিথ্যা বলছে। তিনি আর নেই।

২শমূয়েল ৩:২২-২৭




২শমূয়েল ৩:২৮ - ৪: ১২


আপনার ও আমাদের গায়ে একই রক্ত বইছে -- আপনি আমাদের পরিচালনা করতে পারেন।
এর আগে যুদ্ধের সময় আপনিই ইস্রায়েলীয়দের সৈন্য পরিচালনা করতেন আর সদাপ্রভু আপনাকে বলেছেন যেন আপনিই তাঁর লোকদের অর্থাৎ ইস্রায়েলীয়দের দেখাশোনা করেন ও তাদের নেতা হন।
আসুন এবং আমাদের পরিচালনা দিন।
দায়ূদ যিহূদা দেশের উপরে সাড়ে সাত বছর রাজত্ব করেছিলেন আর এখন সমস্ত ইস্রায়েলের উপর রাজা হয়েছিলেন।
আমার যিবূষীয়দের -- যিরূশালেম শহর চাই। সেখানে আমি আমার রাজ্য প্রতিষ্ঠা করব।
যিবূষীয়েরা বলল যে তুমি কখনও এখানে ঢুকতে পারবে না -- অন্ধ আর খোঁড়ারাই তোমাকে তাড়িয়ে দিতে পারবে।
সুতরাং, দায়ূদ জলের সুড়ঙ্গ দিয়ে এই শহর নিয়েছিল।
সোরের রাজা হীরম এই কথা বলে লোক পাঠালেন যে তিনি এরস কাঠ, ছুতার মিস্ত্রি ও রাজমিস্ত্রি পাঠিয়ে দিয়েছেন যেন এই লোকেরা আমার প্রভু মহারাজের নিজের জন্য একটি রাজবাড়ী তৈরীতে সাহায্য করে।
রাজা হীরমের কাছে এই কথা বলে পাঠাও যে আমি খুব সম্মানিত হয়েছি এবং তাঁর মহানুভবতার প্রতিদান হিসাবে আমার এবং আমার পরিবারের পক্ষ থেকে তাঁকে অভিনন্দন।
দায়ূদ বুঝলেন যে সদাপ্রভু তাঁকে রাজা তৈরি করে আশীর্বাদ করেছেন ।
এবং যিরূশালেমে গিয়ে তিনি আরও স্ত্রী ও উপস্ত্রী গ্রহণ করলেন -- এমনকি সাথে তাঁর আরও ছেলেমেয়ের জন্ম হল।

২শমূয়েল ৫:১-১৪


আমাদেরকে যেভাবেই হোক দায়ূদের রাজত্বকাল অল্প সময়ের করতে হবে।
তাঁরা দূর্বল গৃহযুদ্ধের কাছে।
পলেষ্টীয়দের প্রভাব শুরু হয়েছিল এবং ইব্রীয়দের পতন নিশ্চিত হয়েছিল।
হ্যাঁ, এখন সময় এসে গেছে তাঁদেরকে দিয়ে আবারো আমাদের সেবা করানোর।
সদাপ্রভু তুমি আমাকে এই জায়গায় নিয়ে এসেছ। এখন তোমার শত্রুরা এই জায়গা দখল করে আছে। আমি কি তাদের আক্রমণ করব -- এবং আমি কি বিজয়ী হব?
হ্যাঁ, যাও। আমি নিশ্চয়ই তোমার হাতে পলেষ্টীয়দের তুলে দেব।
আমার প্রভু, পলেষ্টীয়রা আবার ফিরে এসেছে এবং রফায়ীম উপত্যকায় শিবির তৈরি করে আপনার অপেক্ষা করছে।
“এইবার সোজাসুজি তাদের দিকে যেয়ো না তাদের পিছন দিকটা ঘিরে ফেলো। বাকা গাছগুলোর মাথায় যখনই তুমি সৈন্যদলের চলবার মত শব্দ শুনবে তখনই বেরিয়ে পড়বে এর মানে হল সৈন্যদের আঘাত করবার জন্য সদাপ্রভু তোমার আগে আগে গেছেন।”
যেহেতু দায়ূদ সদাপ্রভুর আদেশ শুনেছিলেন, তাই তিনি পলেষ্টীয়দের হারাতে পেরেছিলেন আর তাদের নিজেদের জায়গায় ফেরত পাঠিয়েছিলেন।

২শমূয়েল ৫:১৭-২৫


রাজা খুশি ছিলেন; ঈশ্বরের সিন্দুক কিরিয়ৎ যিয়ারীম থেকে যিরূশালেমে নিয়ে আসা হচ্ছিল। তিনি জানতেন যে ঈশ্বর তাঁকে আশীর্বাদ করবেন যদি তাঁর বাড়ীতে ঈশ্বরের সিন্দুক থাকে।
কিন্তু... তাঁরা এটিকে একটি গরুর গাড়িতে করে নিয়ে যাচ্ছিল... মোশী সুস্পষ্টভাবে নির্দেশ দিয়েছিলেন যে এটিকে কহাতীয় যাজকরা কাঠের দন্ডের মধ্যে ঢুকিয়ে বহন করবে।
আইইইই!!!
তিনি ঈশ্বরের সিন্দুককে স্পর্শ করেছিলেন!
পুরোহিতের উপর সদাপ্রভুর এই ক্রোধ দেখে দায়ূদ অসন্তুষ্ট হলেন।
দায়ূদ সেই দিন... সদাপ্রভুকে খুব ভয় করলেন।
তাই সদাপ্রভুর সিন্দুক যিরূশালেমে নিয়ে আসলেন না কিন্তু কাছাকাছি জায়গায় ওবেদ-ইদোম নামে একজনের বাড়ীতে রাখলেন।

২শমূয়েল ৬:১-৯


ফলে ঈশ্বরের সিন্দুকটি ওবেদ-ইদোমের বাড়ীতে থাকবার দরুন সদাপ্রভু তার বাড়ীর সবকিছুকে আশীর্বাদ করেছেন, তাই দায়ূদ ঈশ্বরের সিন্দুক যিরূশালেমে নিয়ে আসার জন্য গেলেন।
কিন্তু এবার তিনি মোশীর দেয়া নির্দেশ অনুযায়ী ঈশ্বরের সিন্দুক পুরোহিতদের দিয়ে বহন করালেন। এবং অত্যন্ত আনন্দের সাথে দায়ূদ ঈশ্বরের সিন্দুক শহরের মধ্যে নিয়ে আসলেন।
দেখ রাজা নিজেই সদাপ্রভুর সামনে আনন্দ করছেন।
পোড়ানো ও যোগাযোগ-উৎসর্গের অনুষ্ঠান শেষ করে, দায়ূদ সর্বক্ষমতার অধিকারী সদাপ্রভুর নামে লোকদের আশীর্বাদ করলেন একটা করে রুটি, এক খন্ড মাংস, এক তাল কিশমিশ দিয়ে।
এই রাজা সত্যিই সদাপ্রভুর মনের মতন।
সদাপ্রভু রাজাকে সমর্থন করেছিলেন ন্যায় ও উদারতার সাথে। রাজা দায়ূদ দীর্ঘজীবি হোক!
কিন্তু রাজা যখন বাড়ী ফিরেছিলেন, তখন তিনি তাঁর স্ত্রী মীখলের কাছ থেকে সেই একই রকম অভ্যর্থনা পাননি।
ওহ্, ইস্রায়েল দেশের রাজা আজ নিজেকে কেমন সম্মানিত করে তুললেন! তিনি খারাপ লোকের মত সাধারণ লোকদের দাসীদের সামনে গায়ের কাপড়-চোপড় খুলে ফেললেন।
আমি সদাপ্রভুর সামনেই আনন্দ করেছি।
সদাপ্রভু তোমার বাবা কিম্বা তাঁর বাড়ীর কাউকে বেছে না নিয়ে আমাকেই বেছে নিয়েছেন। সেইজন্য আমি আনন্দ করব নিজেকে এর চেয়ে আরও নীচু করব আর নিজের কাছে নিজে আরও ছোট হব এবং তুমি যে দাসীদের কথা বললে তারা আমাকে সম্মানের চোখে দেখবে।
এবং মীখায়েল, রাজার স্ত্রী, মৃত্যু পর্যন্ত তাঁর কোন ছেলে মেয়ে হয় নি।

২শমূয়েল ৬


এইসব কিছুর পরে রাজা নাথনের সাথে মিলেছিলেন -- ঈশ্বরের নবীদের মধ্যে একজন।
আমার জন্য প্রাসাদে থাকা ঠিক নয় যখন ঈশ্বরের সিন্দুকটি রয়েছে তাম্বুতে।
আপনার মনে যা আছে আপনি তা-ই করুন, সদাপ্রভু আপনার সংগে আছেন।
"তুমি গিয়ে আমার দাস দায়ূদকে বল যে-- সদাপ্রভু বলছেন তুমি কি আমার থাকবার জন্য একটি ঘর তৈরী করবে? মিসর দেশ থেকে ইস্রায়েলীয়দের বের করে আনবার দিন থেকে আজ পর্যন্ত আমি তো কোন ঘরে বাস করি নি।"
"সর্বক্ষমতার অধিকারী সদাপ্রভু এই কথা বলছেন -- আমি তোমার নাম পৃথিবীর মহান, লোকদের নামের মত বিখ্যাত করব।"
আমি সদাপ্রভু আরও বলছি যে আমি নিজেই তোমার বংশকে গড়ে তুলব এবং তোমার জায়গায় তোমার বংশের একজনকে বসাব।
তোমার ঘর এবং রাজত্ব চিরকাল স্থায়ী হবে এবং তোমার রাজ-সিংহাসন চিরকাল স্থায়ী হবে।
হে প্রভু সদাপ্রভু, আমিই বা কি আর আমার বংশই বা কি যে, তুমি আমাকে এত দূর পর্যন্ত নিয়ে এসেছ?
হে সদাপ্রভু ঈশ্বর, তুমি কত মহান -- তোমার মত আর কেউ নেই।
তোমার কথা বিশ্বাসযোগ্য এবং সত্য।
এখন অনুগ্রহ করে এই গৃহকে আশীর্বাদ করুন... এবং আপনার দাস চিরকালের জন্য আশীর্বাদপ্রাপ্ত হবে।

২শমূয়েল ৭


সদাপ্রভু দায়ূদের সাথে ছিলেন এবং তাঁকে তাঁর শত্রুদের উপর বিজয়ী করেছিলেন -- পলেষ্টীয়দের, অরামীয়দের, মোয়াবীয়দের, ইদোমীয়দের, এবং অম্মোনীয়দের উপর।
তিনি যে কোন জায়গায় যেতেন সদাপ্রভু সেখানেই তাঁকে জয়ী করতেন।
দায়ূদ সমস্ত ইস্রায়েল দেশের উপর রাজত্ব করতে লাগলেন, তিনি ন্যায়ভাবে বিচার ও শাসন করতেন, এবং তিনি তাঁর সমস্ত লোকদের মহান অনুগ্রহ পেয়েছিলেন কারন সদাপ্রভু তাঁর সাথে ছিলেন।
সাদোক ও অহীমেলক ছিলেন পুরোহিত।
যোয়াব ছিলেন প্রধান সেনাপতি।
যিহোশাফট ছিলেন ইতিহাস লেখক এবং সরায় ছিলেন রাজার লেখক।
বনায় ছিলেন রাজার দেহরক্ষী।
আর দায়ূদের ছেলেরা ছিলেন রাজার পরামর্শদাতা পুরোহিত।
শৌল এবং যোনাথনের কাছে দায়ূদ যে প্রতিজ্ঞা করেছিলেন তা তিনি ভুলে যাননি।
তিনি যোনাথনের একজন খোঁড়া ছেলেকে রেখেছিলেন, মফীবোশৎ, যাকে প্রাসাদে নিয়ে এসেছিলেন এবং তাদের যে সমস্ত জমি ছিল তা ফিরিয়ে দিয়েছিলেন।
মফীবোশৎ রাজার একজন ছেলের মতই রাজার টেবিলে খাওয়া-দাওয়া করতে লাগলেন।

"THE BIBLE EXPLAINED IN EVERY LANGUAGE."








SUPERBIBLE.TV